

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং -উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৬/ ১১

তারিখ : ১৯/০১/২০২৬ খ্রিঃ।

বিষয় : ভোট কেন্দ্র হিসাবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানে C.C ক্যামেরা স্থাপনের তথ্য প্রেরণ প্রসঙ্গে

- সূত্রঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ এর ১৭/০১/২০২৬ খ্রি. তারিখের মিটিং এর নির্দেশনা।
২। জেশিঅ/সিরাজ/২০২৫/১৭১৮ তাং- ২৮/১২/২০২৫খ্রিঃ।
৩। উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৬/১ তাং- ০১/০১/২০২৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্র পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ ও নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র হিসাবে ব্যবহৃত আপনার শিক্ষা প্রতিষ্ঠানে C.C ক্যামেরা নিজ খরচে স্থাপনের জন্য পত্র প্রেরণ করা হয়েছে এবং গত ১৭/০১/২০২৬ খ্রি. তারিখের সভায় আগামী ২০ জানুয়ারী-২০২৬ খ্রি. তারিখের মধ্যে C.C স্থাপন করে নিম্ন স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর কর্তৃক নির্দেশনা দেওয়া হয়েছে।

এমতাবস্থায়, ভোট কেন্দ্র হিসাবে ব্যবহৃত আপনার শিক্ষা প্রতিষ্ঠানে C.C ক্যামেরা স্থাপনের অগ্রগতি প্রতিবেদন আগামী ২০/০১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে লিখিত ভাবে নিম্ন স্বাক্ষরকারীকে জানানো জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

কাজিপুর, সিরাজগঞ্জ।

(মোঃ ছাকমান আলী)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং -উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৬/ ১২

তারিখ : ১৯/০১/২০২৬ খ্রিঃ।

বিষয় : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট -২০২৬ উপলক্ষে গণভোটের প্রচারণা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে


সূত্রঃ ০৫.৪৩.৮৮৫০.০০০.০২.০১২.২৬-৫৪ তাং- ০১/০১/২০২৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র পরিশ্রেঙ্কিতে জানানো যাচ্ছে যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট -২০২৬ উপলক্ষে গণভোটের প্রচারণা বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য আপনার শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজনের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, আপনার শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজন পূর্বক বাস্তবায়নের প্রতিবেদন আগামী ৩০/০১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
বিষয়টি অতীব জরুরী।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

কাজিপুর, সিরাজগঞ্জ।


(মেঃ ছাকমান আলী)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।